

জরুরি সতর্কীকরণ বিজ্ঞপ্তি (ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশিত)

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, এনটিআরসিএ'র নিয়োগ কার্যক্রমকে পুঁজি করে কতিপয় অসাধু ব্যক্তি **Solution Park** বা ইত্যাকার নামের আইডি হতে **YouTube**-এ “মার্চের গণবিজ্ঞপ্তি প্রকাশের সম্ভাব্য তারিখ এবং আমাদের মাধ্যমে আবেদনের প্রক্রিয়া” বা এতদসংক্রান্ত ৩৫ স্লাইডের একটি **Power point presentation** পোস্ট করে। উক্ত পোস্টের মাধ্যমে তারা মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে সাধারণ নিবন্ধন সনদধারীগণের নিকট নিয়োগের আবেদন ও আবেদনের পারিশ্রমিক বাবদ **IMO Account/ব্যাংক/বিকাশ** নম্বর দিয়ে অঞ্চলভেদে আবেদনের জন্য ২৩০-২৫০ টাকা এবং আবেদনের প্রয়োজনীয় তথ্য প্রদান বাবদ (সারা বাংলাদেশের শূন্য পদের তথ্য, চয়েস অর্ডার, অন্যান্য তথ্য) ১০২০ টাকা দাবি করছেন।

সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, **Solution Park** নামের আইডি অথবা **NTRCA** তথ্য ও সেবা নামের **Facebook** গ্রুপ/পেইজ অনির্ভরযোগ্য তথ্য দিয়ে সাধারণ নিবন্ধন সনদধারীগণকে বিভ্রান্ত করছেন এবং এনটিআরসিএ'র ভাবমূর্তি ক্ষুণ্ণ করার অপচেষ্টা চালাচ্ছেন। এনটিআরসিএ কর্তৃক তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য পদক্ষেপ নেয়া হচ্ছে।

প্রসঙ্গত উল্লেখ্য যে, ২য় নিয়োগ চক্রে কতিপয় অসাধু ব্যক্তি খসড়া শূন্য পদের তালিকা **Google drive**-এ আপলোড করে প্রার্থীদের নিকট টাকার বিনিময়ে সরবরাহ করেছেন। এনটিআরসিএ'র ওয়েবসাইটে চূড়ান্ত শূন্য পদের তালিকা না দেখে উক্ত তালিকা অনুযায়ী আবেদন করে প্রার্থীরা ক্ষতিগ্রস্ত হয়েছেন। এনটিআরসিএ সংশ্লিষ্ট যে কোনো তথ্যের জন্য আমাদের দাপ্তরিক ওয়েবসাইটের (www.ntrca.gov.bd) বিজ্ঞপ্তি অথবা নির্দেশনা অনুসরণ করুন। আরো উল্লেখ্য যে, পরবর্তী নিয়োগের আবেদন ফরম এমন সহজভাবে দেয়া হবে যাতে প্রার্থী নিজেই নিখুঁত ও নির্ভুলভাবে আবেদনপত্র পূরণ করতে পারবেন। তারপরও সার্বিক সহযোগিতায় আমাদের **Help desk** নিখরচা সেবা দিবে। এমতাবস্থায়, নিয়োগের আবেদন পূরণ বিষয়ে কারো সাথে আর্থিক লেনদেন না করার জন্য অনুরোধ করা হলো এবং একইসাথে আমাদের দাপ্তরিক ওয়েবসাইট ব্যতীত অন্য কোনো ওয়েবসাইট বা **Facebook** গ্রুপ/পেইজ এর তথ্য বিশ্বাস না করার জন্যও অনুরোধ করা হলো।

চেয়ারম্যান
এনটিআরসিএ, ঢাকা